



# ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION  
27, Ballygunge Circular Road, Kolkata - 700 019



Term - 2nd  
Answer Worksheet - 7  
Class - 2

Subject : Bengali Text  
Topic : আমাদের দেশ

Date : 10.06.2020

১) বিপরীত শব্দ লেখ।

- ক) দূর — নিকট  
খ) চেনা — অচেনা  
গ) সত্যি — মিথ্যা  
ঘ) কাঁদা — হাসা  
ঙ) জানা — অজানা

২) বাক্য রচনা কর।

- ক) দেশ — আমাদের দেশের নাম ভারতবর্ষ।  
খ) সবুজ — আমার প্রিয় রং সবুজ।  
গ) একপাল — একপাল গরু মাঠে ঘাস খাচ্ছে।  
ঘ) সমবয়সি — যদু ও মধু দুজনে সমবয়সি।  
ঙ) মজা — আমরা গরমের ছুটিতে বেড়াতে গিয়ে খুব মজা করেছি।

৩) সঠিক উত্তরের মাথায় (✓) চিহ্ন দাও।

- ক) মজার ব্যাপার ঘটল বাড়ি (পৌছবার / ফিরবার) পর।  
খ) সুজয়ের গ্রাম (বীরভূম / বর্ধমান) জেলায়।  
গ) সুজয়ের আনন্দ দেখে ওর (বাবার / মায়ের) মনেও খুব আনন্দ হয়েছে।  
ঘ) কয়েকটি জেলা মিলে হয় একটি (দেশ / রাজ্য)।  
ঙ) সুজয় (দিদির / দাদার) বিয়ে উপলক্ষে দেশের বাড়িতে যাচ্ছে।

৪) নীচের প্রশ্নগুলির উত্তর লেখ।

ক) সুজয়ের সত্যিকারের আপনজন কারা ?

উঃ সুজয়ের খুড়তুতো, জেঠতুতো, মামাতো, পিসতুতো, মাসতুতো ভাই - বোনেরা সুজয়ের সত্যিকারের আপনজন।

খ) গ্রামের বাড়িতে সুজয় তার আপনজনদের সঙ্গে কতদিন কাটিয়েছিল ?

উঃ গ্রামের বাড়িতে সুজয় তার আপনজনদের সঙ্গে আট - দশ দিন কাটিয়েছিল।

গ) কীভাবে দেশের মানুষ আপন হতে পারে ?

উঃ দেশের মানুষকে চিনলে ও তাদের সম্পর্কে জানলে তারা আমাদের আপন হতে পারে।

ঘ) সুজয় কখন কেঁদে ভাসিয়েছিল ?

উঃ দিদির বিয়ে চুকে যাবার পর যখন সুজয়ের ভাই - বোনেরা সবাই যে যার বাড়ি ফিরে যাচ্ছিল তখন সুজয় কেঁদে ভাসিয়েছিল।

ঙ) সুজয় কোথায় সবুজ ধানের খেত দেখেছিল ?

উঃ সুজয় গ্রামে যাবার পথে রেল লাইনের দু-ধারে সবুজ ধানের খেত দেখেছিল।